# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৯১. অধিকাংশ গুজবই ভিত্তিহীন

স্বদেশী আদিবাসীর দমন করার জন্য প্রসিদ্ধ জেনারেল জর্জ ক্রাক তার বিখ্যাত সাময়িকীর ৭৭ পৃষ্ঠায় লিখেছেন– “আদিবাসীদের প্রায় সকল দুর্দশা ও উদ্বিগ্নতা তাদের কল্পনাপ্রসূত-বাস্তব নয়।"

يَحْسَبُونَ كُلَّ صَيْحَةٍ عَلَيْهِمْ

প্রতিটি বিকট শব্দ বা চিৎকারকেই তারা তাদের বিরুদ্ধে মনে করে।” (৬৩-সূরা আল মুনাফিকূন: আয়াত-৪)

“যদি তারা তোমাদের সাথে অভিযানে বের হতো তবে তারা শুধু বিশৃঙ্খলাই বৃদ্ধি করত এবং ফেতনা করার জন্য তোমাদের মাঝে ছুটাছুটি করত।" (৯-সূরা তাওবা: আয়াত-৪৭)

কলম্বিয়া ইউনিভার্সিটির প্রফেসর হক্স বলেছেন- “কোনো নির্দিষ্ট সমস্যার হয়তো সমাধান আছে নয়ত নেই। যদি কোনো নির্দিষ্ট সমস্যার সমাধান থাকে তবে তা খুঁজে বের করুন। নচেৎ তা নিয়ে নিজেকে কষ্ট দিবেন না।”

একটি সহীহ হাদীসে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

“আল্লাহ তায়ালা দুনিয়াতে এমন কোনো রোগ পাঠাননি যে, তিনি এর ঔষুধ পাঠাননি। যে এটা জানল সে তো এটা জানলই আর যে এটা জানল না সে তো এটা জানলই না।”

(এমনকি সর্বাপেক্ষা প্রসিদ্ধ চিকিৎসক কোনো কোনো রোগের চিকিৎসা জানেন না এখনো এ অবস্থা বিদ্যমান।)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7600

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন